# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২০০৯

২০/ (আল্লাহর পথে) জিহাদ

পরিচ্ছেদঃ শহীদদের প্রকারভেদ

আরবী

وَعَنهُ قَالَ : قَالَ رَسُولُ اللهِ ﷺ مَا تَعُدُّونَ الشُّهَدَاءَ فِيكُمْ ؟ قَالُوا : يَا رَسُولَ اللهِ مَنْ قُتِلَ فِي سَبيلِ اللهِ فَهُوَ شَهيدٌ قَالَ إنَّ شُهُدَاءَ أُمَّتِي إذاً لَقَليلٌ قالوا: فَمَنْ هُمْ يَا رَسُولَ اللهِ؟ قَالَ مَنْ قُتِلَ فِي سَبيلِ الله فَهُوَ شَهيدٌ وَمَنْ مَاتَ فِي سَبيلِ الله فَهُوَ شَهيدٌ وَمَنْ مَاتَ فِي الطَّاعُونِ فَهُوَ شَهيدٌ وَمَنْ مَاتَ فِي البَطْنِ فَهُوَ شَهيدٌ وَالغَرِيقُ شَهيدٌ رواه مسلم

বাংলা

(২০০৯) উক্ত রাবী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা তোমাদের মাঝে কোন্ কোন্ ব্যক্তিকে শহীদ বলে গণ্য কর?'' সকলেই বলে উঠল, 'হে আল্লাহর রসূল! আল্লাহর পথে যে নিহত হয়, সেই শহীদ।' তিনি বললেন, ''তাহলে তো আমার উম্মতের মধ্যে শহীদ খুবই অল্প।'' লোকেরা বলল, 'তাহলে তাঁরা কে কে হে আল্লাহর রসূল?' তিনি বললেন, ''যে আল্লাহর পথে নিহত হয় সে শহীদ, যে আল্লাহর পথে মারা যায় সে শহীদ, যে প্লেগ রোগে মারা যায় সে শহীদ, যে পেটের রোগে প্রাণ হারায়, সে শহীদ এবং যে পানিতে ডুবে মারা যায় সেও শহীদ।

ফুটনোট

(মুসলিম ৫০৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন